# অস্ত্র ও মাদকসহ গ্রেফতার হওয়া ২ জন ছাত্রদল নেতাকে বহিষ্কার করা হলো




আটককৃত ছাত্রদল নেতারা: সংগৃহীত ছবি

বিদেশি রিভলবার, গুলিসহ আটক খুলনা সিটি কলেজের ছাত্রদলের সদ্য সাবেক আহ্বায়ক রাজু আহমেদকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। একইসাথে শরণখোলা ইউনিয়ন ছাত্রদলের সাবেক সদস্য সচিব শামীমকে ২৭০ পিস ইয়াবাসহ আটক হওয়ার পর তাকেও বহিষ্কারাদেশ দেওয়া হয়েছে।

ছাত্রদলের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।বিজ্ঞপ্তিটি তুলে ধরা হলো-

বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘ছাত্রদল, কেন্দ্রীয় সংসদের সিদ্ধান্ত মোতাবেক, সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বাগেরহাট জেলা শাখার অধীনস্থ শরণখোলা উপজেলা ছাত্রদলের সাবেক সদস্য সচিব শামিম সিকদার এবং খুলনা সিটি কলেজ ছাত্রদলের সাবেক আহ্বায়ক রাজু আহমেদকে দলের প্রাথমিক সদস্য পদ থেকে বহিষ্কার করা হলো।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির আজ এ সিদ্ধান্ত অনুমোদন করেন। জাতীয়তাবাদী ছাত্রদলের সব পর্যায়ের নেতাকর্মীদের তাদের সঙ্গে কোনোরূপ সাংগঠনিক সম্পর্ক না রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।’

উল্লেখ্য , এর আগে গত সোমবার (১৭ জুন) রাতে নগরীর শিপইয়ার্ড এলাকায় একটি বিদেশি রিভলবার, দুই পিস গুলি ও ২৭০ পিস ইয়াবাসহ যৌথবাহিনীর হাতে ধরা পড়ে খুলনা সিটি কলেজ ছাত্রদলের সদ্য সাবেক আহ্বায়ক রাজু আহমেদ, সাবেক যুগ্ম আহ্বায়ক জুনায়েদ হোসেন মুন্না এবং শরণখোলা ইউনিয়ন ছাত্রদলের সাবেক সদস্য সচিব শামীম হোসেন। তাদের বিরুদ্ধে থানায় পৃথক দুটি মামালা ও রয়েছে।